# পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড
# Popular Life Insurance Company Ltd.

নিবন্ধিত কার্যালয়: পিপলস্ ইনস্যুরেন্স ভবন
৩৬ দিলকুশা বা/এ (১৮ তলা), ঢাকা-১০০০।

## ২৩তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এই বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো যাচ্ছে যে, পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর শেয়ারহোল্ডারদের ২৩তম বার্ষিক সাধারণ সভা নিম্নলিখিত বিষয়াদি সম্পাদনের জন্য ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে (আদেশ নং-SEC/SRMIC/94-231/91 তারিখ ঃ মার্চ ৩১, ২০২১) আগামী ২৬ সেপ্টেম্বর, ২০২৩ইং তারিখ রোজ মঙ্গলবার বেলা ১২:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

### আলোচ্যসূচী

১। ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে সমাপ্ত বছরের জন্য পরিচালকবৃন্দের প্রতিবেদন, নিরীক্ষিত হিসাব এবং নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।
২। ২০২২ সালের সমাপ্ত বছরের জন্য পরিচালকবৃন্দের সুপারিশকৃত লভ্যাংশ ঘোষণা।
৩। কোম্পানীর সংঘ বিধি অনুযায়ী পরিচালক নির্বাচন।
৪। স্বতন্ত্র পরিচালক নিয়োগ অনুমোদন।
৫। ২০২৩ সালের জন্য নিরীক্ষক নিয়োগ এবং তাদের পারিশ্রমিক নির্ধারণ।
৬। ২০২৩ সালের জন্য Compliance নিরীক্ষক নিয়োগ এবং তাদের পারিশ্রমিক নির্ধারণ।
৭। চেয়ারম্যান এর অনুমতিক্রমে অন্য যে কোন বিষয়।

পরিচালকমন্ডলীর আদেশক্রমে-

স্বাক্ষরিত
মোস্তফা হেলাল কবির
কোম্পানী সচিব

তারিখ ঃ ০৫ সেপ্টেম্বর, ২০২৩

দ্রষ্টব্যঃ
১। রেকর্ড ডেট ০৪ সেপ্টেম্বর, ২০২৩ রোজ সোমবার। যে সকল শেয়ারহোল্ডারগণের নাম উক্ত তারিখে কোম্পানীর শেয়ার রেজিষ্ট্রারে নথিভুক্ত হয়েছে তারাই এজিএমে অংশ নেওয়ার এবং লভ্যাংশ পাওয়ার যোগ্য হবেন।

২। একজন সদস্য এই ভার্চুয়াল সাধারণ সভায় উপস্থিত থাকতে এবং ভোট প্রদান করতে পারবেন কিংবা তার স্বপক্ষে উপস্থিত হতে এবং ভোট দিতে একজন প্রক্সি নিয়োগ করতে পারবেন (প্রত্যেক প্রক্সি কোম্পানীর একজন শেয়ারহোল্ডার হিসাবে গণ্য হবেন)। প্রক্সি ফরম অবশ্যই ২০ (বিশ) টাকার রেভিনিউ স্ট্যাম্প যুক্ত হতে হবে এবং বার্ষিক সাধারণ সভার ৪৮ ঘন্টা পূর্বে কোম্পানীর popularliclbs@gmail.com এ ইমেলের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৩। সিডিবিএল এর রেকর্ড অনুসারে বার্ষিক প্রতিবেদন-২০২২, প্রক্সি ফরম এবং নোটিশ সকল শেয়ারহোল্ডারদের ইমেইল ঠিকানায় পাঠানো হচ্ছে। শেয়ারহোল্ডাররা বার্ষিক প্রতিবেদন এবং প্রক্সি ফরম কোম্পানীর নিবন্ধিত অফিস থেকে বা কোম্পানীর www.popularlifeins.com এই ওয়েব সাইট থেকে সংগ্রহ করতে পারবেন।

৪। সংশ্লিষ্ট ডিপোজিটরি অংশগ্রহণ কারীদের (ডিপি)/স্টক ব্রোকারদের অনুরোধ করা যাচ্ছে যে, রের্কড ডেট এ যারা মার্জিন লোনধারী এবং তাদের কাছে PLICL এর শেয়ার রয়েছে তাদের রের্কড ডেট এ শেয়ার হোল্ডারদের নাম, বিও আইডি, শেয়ার হোল্ডিং পজিশন, নগদ লভ্যাংশ গ্রহণ ও করের বিশদসহ আগামী ১৪ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে এবং যোগাযোগের ক্ষেত্রে ব্যক্তির নাম সহ কোম্পানীর শেয়ার বিভাগে বা popularliclbs@gmail.com এ একটি তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। তাছাড়াও ডিপি/স্টক ব্রোকারদের তাদের মার্জিন লোনধারীদের লভ্যাংশ প্রাপ্তির জন্য উল্লিখিত ইমেল ঠিকানায় তাদের ব্যাংক এ্যাকাউন্টের নাম ও নম্বর, রাউটিং নম্বর ইত্যাদি সরবরাহ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

৫। সম্মানিত শেয়ারহোল্ডাররা https://plicl.bdvirtualagm.com. এই লিঙ্কটির মাধ্যমে ভার্চুয়াল এজিএমে যোগ দিতে পারবেন। এজিএম শুরুর ২৪ ঘন্টা আগে বৈদ্যুতনিকভাবে শেয়ারহোল্ডাররা এই লিঙ্কের মাধ্যমে এবং বার্ষিক সাধারণ সভা চলাকালীন তাদের প্রশ্ন/মন্তব্য জমা দিতে পারবেন। ভার্চুয়াল এজিএমটিতে লগইন করার জন্য শেয়ারহোল্ডারদের লিঙ্কটি কিক করতে হবে এবং তাদের ১৬ ডিজিটের বিও এ্যাকাউন্ট নম্বর, শেয়ারহোল্ডারদের নাম, তাদের শেয়ার সংখ্যা এবং মোবাইল নম্বর বা ইমেল নম্বর সরবরাহ করতে হবে।

৬। ২৬ সেপ্টেম্বর ২০২৩, মঙ্গলবার বেলা ১২:০০ ঘটিকায় সভাটি শুরু করার আগে শেয়ারহোল্ডারদের সিস্টেম লগইন করার জন্য অনুরোধ করা হচ্ছে। ওয়েব কাস্ট বেলা ১১:৫০ মিনিট থেকে শুরু হবে। আইটি সম্পর্কিত যে কোন গাইডেন্স এবং লগইন প্রক্রিয়াতে সহায়তার জন্য সম্মানিত সদস্যরা ৮৮০২-২২৩৩৫৭৫৩৪-৩৮ এ যোগাযোগ করতে পারেন বা https://plicl.bdvirtualagm.com. এ দেখতে পারবেন।